



## নির্বাচনে বিদেশি পর্যবেক্ষক ও গণমাধ্যমের জন্য আবেদন আহ্বান ইসির



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন (ইসি) আগামী জাতীয় নির্বাচন ও গণভোট পর্যবেক্ষণের জন্য আন্তর্জাতিক পর্যবেক্ষক, পর্যবেক্ষক সংস্থা এবং বিদেশি গণমাধ্যম প্রতিনিধিদের আবেদন করার আহ্বান জানিয়েছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ নির্ধারণ করা হয়েছে ১৭ জানুয়ারি। এই তথ্য ইসি বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) এক বিজ্ঞপ্তিতে প্রকাশ করেছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ১২ ফেব্রুয়ারি দেশে জাতীয় নির্বাচন এবং গণভোট অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন একটি স্বাধীন, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনের অঙ্গীকারে প্রতিশ্রুতিবদ্ধ। সেই কারণে নির্বাচন প্রক্রিয়ার সকল কার্যক্রম দেশি-বিদেশি পর্যবেক্ষকদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে।

কমিশন বিশেষভাবে আগ্রহী বিদেশি পর্যবেক্ষক এবং গণমাধ্যম প্রতিনিধিদের স্বাগত জানাচ্ছে। বিদেশি পর্যবেক্ষকরা যাতে সহজে আবেদন করতে পারেন, তার জন্য আবেদনপত্র সরাসরি বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

ইসি আরও জানিয়েছে, দেশের নির্বাচনের স্বচ্ছতা ও বৈশ্বিক গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে বিদেশি পর্যবেক্ষক ও গণমাধ্যমের উপস্থিতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।